গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
বেলাবো, নরসিংদী
www.belabo.narsingdi.gov.bd

## উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভার কার্যবিবরনী।

সভাপতি : জনাব মোঃ আব্দুল করিম
উপজেলা নির্বাহী অফিসার
বেলাবো, নরসিংদী।
সভার তারিখ : ১৫ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ
সভার সময় : সকাল ১১:৩০ ঘটিকা।
সভার স্থান : উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।

**উপস্থিতি : সভায় উপস্থিত সদস্যবৃন্দের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো।**

**উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির সভায়** শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। প্রথমেই তিনি সদস্য সচিব ও উপজেলা কৃষি কর্মকর্তা, বেলাবো কে আলোচনা শুরু করার জন্য অনুরোধ করেন। সদস্য সচিব আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম উপস্থাপন করেন।

**আলোচনা ১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন:**

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, বেলাবো জানান গত ১৮/০৬/২০২৫ খ্রি. তারিখের সভার কার্যবিবরণী ইতোমধ্যে সকলের নিকট পৌছে দেওয়া হয়েছে। কার্যবিবরণীতে কোন সংশোধন না থাকায় দৃঢ়ীকরণ প্রয়োজন।

**সিদ্ধান্ত ১।**

কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সকলের সম্মতিক্রমে কার্যবিবরণী দৃঢ়ীকরণ করার সিদ্ধান্ত গৃহীত হয়।

**আলোচনা ২। ২০২৫-২৬ অর্থবছরে রবি মৌসুমের প্রণোদনা কর্মসূচীর রোডম্যাপ বিষয়ক আলোচনা।**

উপজেলা কৃষি অফিসার ও সদস্য সচিব উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, বেলাবো সভার শুরুতে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য বসতবাড়িতে চাষযোগ্য এবং মাঠে চাষযোগ্য শীতকালীন শাকসবজির পুনর্বাসন কর্মসূচি বাস্তবায়নের নীতিমালা সকলকে অবহিত করেন। তিনি জানান যে, গত ০৪ সেপ্টেম্বর ২০২৫ খ্রিষ্টাব্দ জেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, নরসিংদী, এর সভার কার্যবিবরণী মোতাবেক অত্র বেলাবো উপজেলায় বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির ২১০ জন কৃষক/কৃষানীকে বীজ সহায়তা এবং মাঠে চাষযোগ্য হাইব্রিড শীতকালীন শাকসবজির ৭১০ জন কৃষক/কৃষানীকে বীজ ও সার সহায়তা প্রদান করা হইবে। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ২।**

কৃষি মন্ত্রনালয় প্রদত্ত রোডম্যাপ এবং জেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটির র্নিদেশনা অনুযায়ী কার্যক্রম সম্পাদনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনে সদস্য সচিবকে অনুরোধ করা হয়। বিএডিসি সকল বীজ সরবরাহ করিতে না পারলে, কৃষি মন্ত্রনালয় ও জেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটির র্নিদেশনা মোতাবেক বেসরকারী পর্যায় হতে বীজ ক্রয় করা যাবে। বেসরকারী পর্যায় হতে বীজ ক্রয় করার আগে বীজের অঙ্কুরোদগম ক্ষমতা পরীক্ষা করে নিতে হবে।

**আলোচনা ৩। ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচির** বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক উপকারভোগী বিভাজন।

উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য সচিব সভাকে জানান যে, ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচি ইউনিয়নওয়ারী কৃষক পরিবারের ভিত্তিতে বিতরনের নির্দেশনা থাকায় ইউনিয়নওয়ারী কৃষক পরিবারের ভিত্তিতে ২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ইউনিয়নওয়ারী বিভাজন করে মন্ত্রনালয় প্রদত্ত রোডম্যাপ অনুযায়ী আগামী ২২/০৯/২০২৫ ইং তারিখের মধ্যে কৃষকের অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি অফিসারগণ প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত ৩।**

২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচির আওতায় বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাকসবজির ২১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে নিম্নের ছক অনুযায়ী বিভাজন করা হয় এবং আগামী ২২/০৯/২০২৫ ইং তারিখের মধ্যে কৃষকের অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি অফিসারগণ প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হলো।

**২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে প্রণোদনা কর্মসূচির আওতায় রবি মৌসুমে সবজি উৎপাদন বৃদ্ধির জন্য বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাক সবজি ফসলের বীজ সহায়তা প্রণোদনা কর্মসূচি** বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক উপকারভোগী বিভাজন।

| ক্রঃ নং | ইউনিয়ন | ইউনিয়ন ওয়ারী কৃষক পরিবারের সংখ্যা | মোট কৃষক সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | বিন্নাবাইদ | ৬০২৫ জন | ৩০ জন | কৃষক পরিবারের ভিত্তিতে বিভাজন করা হয়েছে। |
| ২ | পাটুলী | ৫২০৪ জন | ২৫ জন | |
| ৩ | বাজনাব | ৪৩০৮ জন | ২০ জন | |
| ৪ | বেলাবো | ৪৬৮০ জন | ২৫ জন | |
| ৫ | আমলাব | ৫৩০৮ জন | ২৫ জন | |
| ৬ | চর উজিলাব | ৩৭১৭ জন | ২০ জন | |
| ৭ | নারায়নপুর | ৮০৭৮ জন | ৪০ জন | |
| ৮ | সল্লাবাদ | ৫৬১০ জন | ২৫ জন | |
| | মোট | ৪২৯৩০ জন | ২১০ জন | |

**বসতবাড়িতে চাষযোগ্য শীতকালীন শাক সবজির পরিমানঃ**

বেগুন – ৮ গ্রাম, পালংশাক – ১০০ গ্রাম, লাল শাক – ১৪২ গ্রাম, মটরশুটি – ২০ গ্রাম, লাউ – ৩০ গ্রাম, মূলা – ১০০ গ্রাম, বাটিশাক – ১০০ গ্রাম

**আলোচনা ৪। ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য মাঠে চাষযোগ্য শীতকালীন শাক সবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচির** বাস্তবায়নের জন্য ইউনিয়ন ভিত্তিক উপকারভোগী বিভাজন।

উপজেলা কৃষি কর্মকর্তা ও সদস্য সচিব সভাকে জানান যে, বেলাবো উপজেলায় রবি মৌসুমে চাষযোগ্য শীতকালীন শাক সবজির (লাউ, বেগুন, মিষ্টিকুমড়া, শশা) আবাদ সকল ইউনিয়নে সমভাবে হয় না বিধায়, উল্লেখিত ফসলের ইউনিয়নের আবাদের ভিত্তিতে ২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য মাঠে চাষযোগ্য শীতকালীন শাক সবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচির আওতায় চাষযোগ্য শীতকালীন শাক সবজির ৭১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে ইউনিয়নওয়ারী বিভাজন করে মন্ত্রনালয় প্রদত্ত রোডম্যাপ অনুযায়ী আগামী ২২/০৯/২০২৫ ইং তারিখের মধ্যে কৃষকের অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি অফিসারগণ প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটির নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করা প্রয়োজন। এ বিষয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

**<u>সিদ্ধান্ত ৩।</u>**

২০২৫-২৬ অর্থবছরে কৃষি পুনর্বাসন সহায়তা খাত হতে রবি সবজি উৎপাদন বৃদ্ধির জন্য মাঠে চাষযোগ্য শীতকালীন শাক সবজির বীজ ও সার সহায়তা প্রণোদনা কর্মসূচির আওতায় মাঠে চাষযোগ্য শীতকালীন শাক সবজির ৭১০ জন ক্ষুদ্র ও প্রান্তিক কৃষককে নিম্নের ছক অনুযায়ী বিভাজন করা হয় এবং আগামী ২২/০৯/২০২৫ ইং তারিখের মধ্যে কৃষকের অগ্রাধিকার তালিকা উপসহকারী কৃষি অফিসারগণ প্রস্তুত করে উপজেলা কৃষি পুনর্বাসন বাস্তবায়ন কমিটি নিকট প্রেরণ করার নির্দেশনা প্রদান করা হলো।

**২০২৪-২০২৫ অর্থবছরের উপজেলা ফসল আবাদের ভিত্তিতে এবং আসন্ন রবি মৌসুমের আবাদ সম্ভাবনার নিরিখে ২০২৫-২৬ অর্থবছরে প্রণোদনা কর্মসূচির আওতায় ইউনিয়নওয়ারী মাঠে চাষযোগ্য শীতকালীন শাক সবজি ফসলের** উপকারভোগীর বিভাজন।

| ক্রঃ নং | ইউনিয়ন | ২০২৪-২৫ অর্থবছরে রবি মৌসুমে ফসল ভিত্তিক আবাদকৃত জমির পরিমান (হেঃ) | | | | মোট কৃষক সংখ্যা (জন) | | | | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | লাউ | বেগুন | মিষ্টিকুমড়া | শশা | লাউ | বেগুন | মিষ্টিকুমড়া | শশা | |
| ১ | বিন্নাবাইদ | ২৩ | ৫২ | ৫ | ৪ | ৫ | ৩৫ | ১০ | ২৫ | ইউনিয়ন ওয়ারী উল্লেখিত ফসল আবাদের তথ্যের ভিত্তিতে বিভাজন করা হয়েছে। |
| ২ | পাটুলী | ১২ | ৩৫ | ৩ | ১ | ৫ | ২০ | ১০ | ১০ | |
| ৩ | বাজনাব | ১২ | ১৫ | ২ | ১ | ৫ | ১৫ | ১০ | ১০ | |
| ৪ | বেলাবো | ১২ | ২০ | ৫ | ১ | ৫ | ১৫ | ১০ | ১০ | |
| ৫ | আমলাব | ১০ | ১৫ | ৩ | ১ | ৫ | ১৫ | ১০ | ১০ | |
| ৬ | চর উজিলাব | ২৫ | ১৩৫ | ২০ | ৮ | ১৫ | ৮০ | ৪০ | ৪৫ | |
| ৭ | নারায়নপুর | ৩০ | ১৬৫ | ২৫ | ১০ | ১৫ | ৯৫ | ৫০ | ৫৫ | |
| ৮ | সল্লাবাদ | ১৮ | ৩৪ | ৫ | ৬ | ৫ | ২৫ | ১০ | ৩৫ | |
| | মোট | ১৪২ | ৪৭১ | ৬৮ | ৩২ | ৬০ জন | ৩০০ জন | ১৫০ জন | ২০০ জন | |

**বি.দ্র: ১ জন কৃষক প্রতি ২০ শতাংশ জমির জন্য ১ ধরনের সবজির জন্য উপকরণ সহায়তা পাবেন।**

**২০ শতাংশ প্রতি প্রাপ্ত উপকরণ**

| ক্রমিক নং | ফসল | মোট কৃষক | প্রতি কৃষক/ ২০ শতাংশ জমির উপকরণ সহায়তা (কেজি) | | |
|---|---|---|---|---|---|
| | | | **বীজ** | **ডিএপি সার** | **এমওপি সার** |
| **১** | লাউ | **৬০ জন** | **০.২০** | **১০** | **১০** |
| **২** | বেগুন | **৩০০ জন** | **০.০৪** | **১০** | **১০** |
| **৩** | মিষ্টিকুমড়া | **১৫০ জন** | **০.০৬** | **১০** | **১০** |
| **৪** | শশা | **২০০ জন** | **০.০৪** | **১০** | **১০** |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন ।

স্বাক্ষরিত

(মোঃ আব্দুল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি,
বেলাবো, নরসিংদী।

স্মারক নং- ১২.০০.৬৮১৮.০৩৯.০৩.০০১.২৫. তারিখ: ১৫/০৯/২০২৫ খ্রি.

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের নিমিত্তে অনুলিপি প্রেরণ করা হইল-

১. জেলা প্রশাসক ও সভাপতি, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, নরসিংদী।

২. উপপরিচালক, কৃষি সম্প্রসারন অধিদপ্তর ও সদস্য সচিব, জেলা কৃষি পুনর্বাসন ও বাস্তবায়ন কমিটি, নরসিংদী ।

৩. উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি, উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, বেলাবো, নরসিংদী ।

৪. উপজেলা ........................................., সদস্য, উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, বেলাবো, নরসিংদী।

৫. .........................................কর্মকর্তা ও তদারকি কর্মকর্তা, .....................................ইউনিয়ন পরিষদ।

৬. উপসহকারী কৃষি কর্মকর্তা ও সদস্য সচিব, ইউনিয়ন কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি, ..................ইউনিয়ন পরিষদ।

৭. অফিস নথি।

স্বাক্ষরিত

(মুহিবুর রহমান সিদ্দিকী)
উপজেলা কৃষি অফিসার
ও
সদস্য সচিব
উপজেলা কৃষি পুনর্বাসন ও প্রণোদনা বাস্তবায়ন কমিটি
বেলাবো, নরসিংদী

**পরিশিষ্ট-ক”**

**উপস্থিত সদস্যদের নাম (স্বাক্ষর ক্রমানুসারে)**

**সভার স্থান ঃ** উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়।
**সভার তারিখঃ** ১৫/০৯/২০২৫ খ্রি.

| নং | কর্মকর্তার নাম | কর্মকর্তার পদবী | কমিটিতে পদবী | স্বাাক্ষর |
|---|---|---|---|---|
| ০১। | | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০২। | | উপজেলা মৎস্য কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩। | | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪। | | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫। | | উপজেলা সমবায় কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | উপজেলা নির্বাহী অফিসারের মনোনীত প্রতিনিধি | স্বাক্ষরিত |
| ০৬। | | উপজেলা কৃষি কর্মকর্তা, বেলাবো, নরসিংদী। | সদস্য সচিব | স্বাক্ষরিত |